

Times Today BD

মো. নাসিম | বরিশাল | 12 April, 2025

বালকাঠি সদর উপজেলার রমানাথপুর গ্রামে ভাবিকে ধর্ষণের চেষ্টার অভিযোগে দেবরের বিরুদ্ধে আদালতে মামলা করেছেন এক গৃহবধু। মামলার পর থেকে আসামি ওই নারীর বাড়ির আশপাশে ঘোরাফেরা করছে এবং মামলা তুলে নিতে হুমকি দিচ্ছে বলে অভিযোগ করেছেন ভুক্তভোগী।

মামলাটি গ্রহণ করে বালকাঠি নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল সদর থানার উপপরিদর্শক (এসআই) আসাদুল ইসলামকে তদন্তের নির্দেশ দিয়েছেন।

মামলার এজাহার অনুযায়ী, গত ৫ এপ্রিল শনিবার সন্ধ্যা ৭টা ৩০ মিনিটে নিজ বাড়ির সামনে একটি কক্ষে অভিযুক্ত দীন মোহাম্মদ খান ওরফে রাজু (৩৫) ওই নারীর ওপর হামলা চালিয়ে ধর্ষণের চেষ্টা করেন। তিনি একই এলাকার বাসিন্দা এবং বাদীর দেবর। রাজুর পিতার নাম মঞ্জুর হোসেন খান।

বাদী কনা বেগম (৪৪) আদালতে দাখিল করা অভিযোগে বলেন, দীর্ঘদিন ধরে রাজু তাকে নানাভাবে অনৈতিক প্রস্তাব দিয়ে আসছিলেন। এমনকি বিদেশে থাকার সময়ও হোয়াটসঅ্যাপ ভিডিও কলে অশ্লীল অঙ্গভঙ্গি করতেন এবং ধর্ষণের হুমকি দিতেন। ঘটনার দিন রাজু হঠাৎ বাদীর ঘরে ঢুকে মুখ চেপে ধরে জোরপূর্বক জড়িয়ে ধরেন এবং কাপড় খুলে ধর্ষণের চেষ্টা করেন। তখন চিৎকারে আশপাশের লোকজন ছুটে এলে রাজু পালিয়ে যান।

ঘটনার পর রাত ৯টার দিকে থানায় গেলে পুলিশ বাদীকে আদালতে যাওয়ার পরামর্শ দেয়। পরদিন তিনি বালকাঠি নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে লিখিত অভিযোগ দায়ের করেন মামলার সাক্ষী হিসেবে স্থানীয় নাছিমা বেগম, সিয়াম খান, মরিয়ম বেগম ও মো. শাহ আলমসহ আরও কয়েকজনের নাম উল্লেখ করা হয়েছে।

তদন্ত কর্মকর্তা এসআই আসাদুল ইসলাম জানান, “বাদী ও আসামি-দু’পক্ষই আত্মীয়। আমরা উভয়ের সঙ্গে কথা বলেছি। আসামিকে গ্রেপ্তারের চেষ্টা চলছে। তদন্ত শেষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।”

ধর্ষণ মামলা আসামি

URL: <https://timestodaybd.com/barishal/67374759>